



গণতান্ত্রিক ব্যবস্থাই দেশের অগ্রগতির ভিত্তি: স্পিকার



বরিশাল নগরীর সার্কিট হাউজে বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে কথা বলেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। ছবি: সংগৃহীত

বৃহস্পতিবার বরিশাল সার্কিট হাউজে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, গণতন্ত্র ছাড়া দেশের উন্নয়ন ও স্থিতিশীলতা সম্ভব নয়। গণতান্ত্রিক চর্চা জোরদার হলে অর্থনৈতিক অগ্রগতিও ত্বরান্বিত হয়।

তিনি বলেন, বর্তমানে তরুণদের মধ্যে রাজনীতির প্রতি আগ্রহ বেড়েছে। বাংলাদেশের স্বাধীনতাও রাজনৈতিক চেতনার ফল। অতীতে স্বৈরশাসনের সময় ছাত্র-যুবকরাই রাজপথে নেমে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় ভূমিকা রেখেছে, যা দেশের ইতিহাসে গুরুত্বপূর্ণ অধ্যায়।

স্পিকার আরও বলেন, দীর্ঘ সময়ের স্বৈরশাসনের পর সাধারণ মানুষ ঐক্যবদ্ধ হয়ে পরিবর্তন এনেছে। এতে গণতন্ত্রের প্রতি মানুষের আস্থা ও আগ্রহ বেড়েছে, যা ভবিষ্যতে রাষ্ট্র পরিচালনায় ইতিবাচক প্রভাব ফেলবে।

তিনি আশা প্রকাশ করেন, বর্তমান সংসদ দেশের উন্নয়ন ও অগ্রগতিকে আরও বেগবান করবে। পরে গার্ড অব অনার গ্রহণ শেষে তিনি নিজ নির্বাচনী এলাকা ভোলার উদ্দেশে রওনা দেন।